

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম বিষয়ক সভার কার্যবিবরণী

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ২৬তম সভা গত ২৫মে, ২০১৭খ্রীঃ তারিখ, রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় সভার সভাপতি জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে কক্ষ নং- ৫০৬ এ অনুষ্ঠিত হয়। **সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।**

আলোচনাঃ

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, অধিদপ্তরের সেবা সহজীকরণসহ দপ্তরের ডিজিটাল তথ্য/উপাত্ত, মানচিত্র, প্রতিবেদন ইত্যাদি বিষয়ে তথ্য বিধি মোতাবেক অনলাইনে প্রকাশের জন্য চলমান কার্যক্রমের অংশ হিসাবে জিএসবি'র ডু-বৈজ্ঞানিক প্রতিবেদনসমূহের কভার পেজসহ সার-সংক্ষেপ অনলাইনে প্রকাশ করা হয়েছে। a2i প্রকল্পের আওতায় গত ১৬/০৪/২০১৭ইং হতে ২০/০৪/২০১৭ইং পর্যন্ত “ইনোভেশন ইন পাবলিক সার্ভিস” শীর্ষক ৫ (পাঁচ) দিনব্যাপী একটি কর্মশালায় জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন, পরিচালক(ভূতত্ত্ব) সহ ইনোভেশন টিমের তিনজন কর্মকর্তা জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ইনোভেশন অফিসার, জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক(ভূতত্ত্ব), সদস্য এবং জনাব সুলতানা নাছরিন নূরী, উপ-পরিচালক(ভূ-পদার্থ) ও সদস্য সচিব অংশগ্রহণ করেন। সভায় উক্ত কর্মশালার বিষয় ভিত্তিক একটি সভা/সেমিনার জিএটিসি'র সহযোগিতায় আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। a2i প্রকল্পের ফরমেটে জিএসবি'র “ওয়েব পোর্টাল”টি সম্পূর্ণ নতুন ভাবে হাল নাগাদকরণ সম্পন্ন করে বিসিসি সার্ভারে ‘সক্রিয়’ করার কাজ চলমান আছে বলে সভায় অবহিত করা হয়।

সভায় উপস্থিত সকলসদস্যবৃন্দ বিষয় আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেনঃ

সিদ্ধান্তসমূহঃ

১. “ইনোভেশন ইন পাবলিক সার্ভিস” বিষয়ক একটি সভা/সেমিনার জিএটিসি'র মাধ্যমে আয়োজন করা হবে।
২. a2i প্রকল্পের ফরমেটে জিএসবি'র “ওয়েব পোর্টাল” সাইটটি সম্পূর্ণ নতুন ভাবে হাল নাগাদকরণের কার্যক্রম চলমান থাকবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

(মোহাম্মদ আশরাফুল কামাল)
উপ-পরিচালক(ভূতত্ত্ব) ও আহ্বায়ক
ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম
ফোনঃ ৫৮৩১২০৯২
ই-মেইলঃ akamalbd@gmail.com

নং - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০২.১১/

তারিখঃ/০২/২০১৭খ্রিঃ

অনুলিপিঃ

১)

২) বিভাগীয় প্রধান-১/২, জিএসবি, ঢাকা

৩) পরিচালক, পঃ ও বাঃ, জিএসবি, ঢাকা।

৩) জনাব,-----সদস্য, জিএসবি, ঢাকা।

৪) মহাপরিচালকমহোদয়েরব্যক্তিগতসহকারী, জিএসবি, ঢাকা।

(মোহাম্মদআশরাফুলকামাল)

উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও আয়ক

ইনোভেশন/আইসিটি/ওয়েবটিম

ফোনঃ ৫৮৩১২০৯২

ই-মেইলঃ